

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৫, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[টোল্ড অন এয়ার লাইন টিকেট]

প্রজ্ঞাপন

ঢাকা, ০১শে জ্যৈষ্ঠ ১৪০৬ বাং/১৪ই জুন ১৯৯১ ইং

এস, আর, ও নং ১৫৬-আইন/৯৯/২০০-মুসক—Finance Ordinance, 1986 (XIV of 1986) এর section 11 এর sub-section (2)তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, tax on Airline Ticket Rules, 1986 রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা অভ্যন্তরীণ বিমান টিকেট কর আদায় বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) “অধ্যাদেশ” অর্থ Finance Ordinance, 1986 (XIV of 1986);

(খ) “অভ্যন্তরীণ রুট” অর্থ সরকার কর্তৃক অনুমোদিত বাংলাদেশের অভ্যন্তরীণ রুটে যে কোন বিমান চলাচলকারী পথ;

(গ) “কর” অর্থ অধ্যাদেশের section 11(1) এর অধীন ধার্যকৃত অভ্যন্তরীণ বিমান টিকেট কর;

(৩২৬৯)

মূল্যঃ টাকা ১.০০

(ঘ) “বিমান সংস্থা” অর্থ বাংলাদেশের অভ্যন্তরীণ রুটে যাত্রী পরিবহণ ব্যবসায় নিয়োজিত কোন বিমান সংস্থা;

(ঙ) “যাত্রী” অর্থ বাংলাদেশের অভ্যন্তরীণ রুটে ভ্রমণকারী কোন ব্যক্তি।

০। কর আদায়ের পদ্ধতি।—(১) অধ্যাদেশের ধারা ১১ এর উপ-ধারা (১) এর অধীন সরকার কর্তৃক সময় সময় ধার্যকৃত কর টিকেট বিক্রয়ের সময় প্রতিটি টিকেটের মূল্যের সহিত বিমান সংস্থা আদায় করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আদায়কৃত অর্থ আদায়ের পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা সরকারী হিসাব নং ১/১১০৩/০০০১/০৯১১ তে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা করিবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান মোতাবেক জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানের একটি অনুলিপি সহ কর আদায়ের বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন কর আদায়ের পরবর্তী মাসের ২০ (কুড়ি) তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা করিবে।

৪। কর প্রত্যর্পণ।—(১) যদি কোন কারণে কোন ফ্লাইট বাতিল হয় এবং বাতিলকৃত টিকেটের মূল্য যাত্রীকে ফেরত প্রদান করা হয় অথবা যাত্রী তাহার ভ্রমণ বাতিল করিয়া টিকেটের মূল্য গ্রহণ করেন, সেই সকল ক্ষেত্রে বিমান সংস্থা যাত্রীর নিকট হইতে আদায়কৃত করের অর্থও সংশ্লিষ্ট যাত্রীকে প্রত্যর্পণ করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে কোন যাত্রীকে করের অর্থ প্রত্যর্পণ করা হইলে বিমান সংস্থা কর প্রত্যর্পণের বিবরণ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরিতব্য প্রতিবেদনে উল্লেখ করিবে।

কাজী আনোয়ার হুসেইন

সদস্য (মুসক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।